

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৪.৩৩.০০১.১১(অংশ-১)- ৬৯


০৪ কার্তিক ১৪২৪ ব.
তারিখঃ -----
১৯ অক্টোবর ২০১৭ খ্রি.

“বিজ্ঞপ্তি”

খাদ্য মন্ত্রণালয়ের কোটাভুক্ত বি ও সি শ্রেণীর ৫টি সরকারি বাসা অগ্রিম বরাদ্দের জন্য এ মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তরে কর্মরত ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বাসা বরাদ্দ পেতে আগ্রহী আবেদনকারীগণ তাদের প্রাধিকার ও ২০১৫ এর বেতন স্কেল ও প্রাপ্যতা অনুযায়ী যে কোন ১টি বাসার জন্য আবেদন করতে পারবেন। বাসা বরাদ্দের জন্য নির্ধারিত ফরম পূরণপূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে। নির্ধারিত ফরম পূরণপূর্বক দাখিল না করলে সেই আবেদন গ্রহণযোগ্য হবে না। এছাড়াও আবেদনের সাথে সার্ভিস বুকের ১ম পাতা ও সর্বশেষ বেতন বিবরণী সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। খাদ্য অধিদপ্তরের কর্মচারীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বরাদ্দযোগ্য বাসার নম্বর ও প্রাপ্যতার স্কেল নিয়ে উল্লেখ করা হলোঃ

ক্র. নং	বাসার নম্বর ও ঠিকানা	বাসার শ্রেণী	আবেদনকারীদের প্রাপ্যতার বেতন ও স্কেল (২০১৫ অনুযায়ী)
১.	১১২/সি-৫ মতিঝিল কলোনী	সি-১' শ্রেণী	২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী যাদের বেতন স্কেল ১০২০০-২৪৬০/- টাকা
২.	১০/ই পলাশী, আজিমপুর	'সি-১' শ্রেণী	২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/কর্মচারী যাদের বেতন স্কেল ১০২০০-২৪৬০/- টাকা
৩.	১/ভি গ্রীন রোড	'বি' শ্রেণী	সরকারী কর্মচারী যাদের বেতন স্কেল ৯০০০-২১৮০০/- টাকা
৪	১১১/৭পাইকপাড়া মিরপুর	'এ' শ্রেণী	৪র্থ শ্রেণীর কর্মচারী যাদের বেতন স্কেল ৮২৫০-২০০১০/-
৫.	১১১/৫পাইকপাড়া মিরপুর	'এ' শ্রেণী	৪র্থ শ্রেণীর কর্মচারী যাদের বেতন স্কেল ৮২৫০-২০০১০/-

২। উল্লেখ্য যে শ্রেণীভিত্তিক স্কেল অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে বাসা বরাদ্দের জন্য আগামী ১৯/১১/২০১৭ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের বাসা বরাদ্দ কমিটির সভাপতি যুগ্মসচিব (প্রশাসন-১) বরাবর আবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আয়াতুল ইসলাম)

উপসচিব

খাদ্য মন্ত্রণালয়

Email: admin2 @ mofood.gov.bd

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
(খাদ্য অধিদপ্তরের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীদের আবশ্যিকভাবে অবহিত করার অনুরোধসহ)।
- ২। এ মন্ত্রণালয়ের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারী (সকল), খাদ্য মন্ত্রণালয়।